

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৯৮ ৩০/ পাপ ও তাওবা পরিচ্ছেদঃ পাপ-পুণ্য

আরবী

عَنْ عُقْبَةَ بِن عَامِرٍ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ عَلِيْ إِنَّ مَثَلَ الَّذِي يَعْمَلُ السَّيِّئَاتِ، ثُمَّ يَعْمَلُ الْمَاتِ عَلَيْهِ دِرْعٌ ضَيِّقَةٌ قَدْ خَنَقَتْهُ ثُمَّ عَمِلَ حَسَنَةً فَانْفَكَّتْ حَلَقَةٌ ثُمَّ عَمِلَ حَسَنَةً فَانْفَكَّتْ حَلَقَةٌ ثُمَّ عَمِلَ حَسَنَةً فَانْفَكَّتْ حَلَقَةٌ ثُمَّ عَمِلَ أَخْرَى فَانْفَكَّتْ حَلَقَةٌ ثُمَّ عَمِلَ أَخْرَى فَانْفَكَّتْ حَلَقَةٌ أُخْرَى حَتَّى يَخْرُجَ إِلَى الأَرْضِ

বাংলা

(৩৭৯৮) উক্কবাহ বিন আমের (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি কোন পাপ করার পরপরই পুণ্যকর্ম করে, সেই ব্যক্তির উপমা এমন একজনের মত যার দেহে ছিল সংকীর্ণ বর্ম; যা তার শ্বাস রোধ করে ফেলেছিল। অতঃপর সে যখন একটি পুণ্যকর্ম করে, তখন বর্মের একটি আংটা খুলে যায়। তারপর আর একটি পুণ্য করলে আরো একটি আংটা খুলে যায়। ফলে সে সংকীর্ণতার কষ্ট থেকে মুক্তি লাভ করতে পারে।

ফুটনোট

(আহমাদ ১৭৩০৭, ত্বাবারানী ১৪২০২-১৪২০৩, সহীহুল জামে' ২১৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন